# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২২-২৫. আরো কিছু বানোয়াট বিষয়...

1. হাসান বসরী আলী (রা) থেকে খিরকা বা সূফী তরীকা গ্রহণ করেছিলেন বলে যা কিছু প্রচলিত আছে সবই ভিত্তিহীন কথা।
2. রাসূলুল্লাহ (ﷺ) উমার (রা) ও আলী (রা)-কে তার জামা বা খিরকা দিয়েছিলেন উয়াইস কারনীকে পৌঁছে দেয়ার জন্য এবং তাঁরা তাঁকে তা পৌঁছে দিয়েছিলেন মর্মে যা কিছু বলা হয় সবই বাতিল।
3. কুতুব-আকতাব, গওস, নকীব-নুকাবা, নাজীব-নুজাবা, আওতাদ ইত্যাদি বিষয়ক সকল হাদীস বাতিল ও ভিত্তিহীন।
4. মেহেদি বা মেন্দির বিশেষ ফযীলত বা প্রশংসায় বর্ণিত সকল হাদীস ভিত্তিহীন ও বানোয়াট। শুধুমাত্র মেহেদি দিয়ে খেযাব দেয়ার উৎসাহ জ্ঞাপক হাদীসগুলো নির্ভরযোগ্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4744

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন